Department of Education
Chancellor Richard A. Carranza

28 এপ্রিল, 2020

প্রিয় পরিবারবর্গ,

COVID-19 মহামারীর এই অভাবিত সময় নিউ ইয়র্কবাসীর জন্যে কষ্টসাধ্য এবং দুরূহ অবস্থার সৃষ্টি করেছে, এবং আমরা বুঝি যে এই সঙ্কটকালে আপনার সন্তানের শিক্ষা অব্যাহত রাখায় সহায়তা করা কোন ছোটখাট বিষয় নয়। আমাদের পুরো সিস্টেমটিকে দূর থেকে শিক্ষা বা রিমোট লার্নিং-এ পরিবর্তন করার সময় আপনারা—আমাদের 1.1 মিলিয়ন শিক্ষার্থীর পরিবার—সকলে যে সহনশীলতা এবং স্থিরসঙ্কল্প প্রদান করেছেন এতে আমরা চমৎকৃত। 2019-2020 শিক্ষা বছর রিমোট লার্নিং দ্বারা শেষ করার পর্যায়ে আপনার সন্তানের সফলতায় আপনি যে বিভিন্নভাবে সহায়তা করছেন, এতে আমরা কৃতজ্ঞ।

এই উত্তরণ যেকোন সময়ই চ্যালেঞ্জমূলক হবে, কিন্তু এই মহামারীর কারণে আমাদের কমিউনিটি যে উদ্বেগ ও মানসিক চাপ বোধ করছে, এসময় এটা অনতিক্রম্য হতে পারতো। তবুও, আপনি তা করে দেখিয়েছেন—যদিও পরবর্তী খাবারটি কোত্থেকে আসবে তা হয়তো জানা নেই, অথবা অসুস্থতা অথবা পরিবারের বা কমিউনিটির কাউকে হারিয়ে শোকে মূহ্যমান, অথবা এই সময়ে যেকোন পরিমাণ নিরাপত্তাহীনতা নিয়ে এসেছে, তা স্বত্ত্বেও আপনি আপনার সন্তানের শিক্ষায় যতভাবে সম্ভব সহায়তা করেছেন।

সেজন্যে এই সময়ের সাথে সামঞ্জস্য রেখে আপনাদের সকলের—আমাদের শিক্ষার্থী ও পরিবারদের জন্যে আমরা অব্যাহতভাবে আমাদের নীতি বিবর্তন, প্রস্তুত এবং কিছু কিছু ক্ষেত্রে নতুনভাবে তৈরি করছি। এই নীতিগুলো উপস্থিতি থেকে ক্লাসের কর্মসূচি থেকে প্রযুক্তি ব্যবহার ছাড়িয়ে সবকিছুতে ব্যাপ্ত। আজ, শিক্ষার্থীর গ্রেড সংক্রান্ত, গুরুত্বপূর্ণ নীতি পরিবর্তন বিষয়ে আমরা আপনাকে লিখছি।

শিক্ষার্থীর শিক্ষার মান অর্জনের অগ্রগতি বুঝতে গ্রেড বা ফলাফল গুরুত্বপূর্ণ, কিন্তু শিক্ষার্থী স্কুলের লেখাপড়ার সাথে কীভাবে সম্পৃক্ত হচ্ছে এবং অগ্রগতি অর্জন করছে তা পরিমাপ ও নির্ণয় করতে এটা শুধুমাত্র একটি উপায়। আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে আমাদের শিক্ষার্থীরা অ্যাকাডেমিকস্-এর পাশাপাশি সামাজিক-আবেগজনিত শিক্ষণ, স্বাস্থ্য ও সুরক্ষা, এবং শারীরিক ও মানসিক মঙ্গল অন্তর্ভুক্ত করছে, এবং আমাদের শিক্ষার্থী ও পরিবারদের সমর্থন এবং ক্ষমতায়ন করে সেধরণের সম্পর্ক স্থাপিত হয়েছে। আমাদের শিক্ষার্থীদের সামাজিক ও আবেগজনিতভাবে বুঝতে যে টুলস ও দক্ষতা প্রয়োজন আমরা আমাদের শিক্ষকদের তা প্রদান করছি। COVID-19-এর প্রাসঙ্গিকতায় এই সহায়তা বৃদ্ধি করতে আমরা অব্যাহতভাবে শিক্ষার্থী এবং পরিবারদের জন্যে রিসোর্স তৈরি করছি। যেসব শিক্ষার্থীর আবেগজনিতভাবে ক্ষতিগ্রস্ত, মৃত্যু, মানসিক স্বাস্থ্য সমস্যার অভিজ্ঞতা হয়েছে, অথবা প্রথম থেকেই একটি ডিভাইস অথবা সংযোগ ছিল না স্কুল নেতৃবৃন্দ সহানুভূতির সাথে এই নীতি প্রয়োগ করবেন। আমরা জানি যে আপনি যেমন আমাদের শিক্ষার অংশীদার, তেমনি এই সময় আপনার সন্তানের যে মানসিক সহায়তার প্রয়োজন হতে পারে সেটায় আমরা আপনার অংশীদার।

আমাদের গ্রেড প্রদানের নীতি তৈরিতে সমস্ত সিটিজুড়ে শিক্ষার্থী, পিতামাতা, শিক্ষক, স্কুলের নেতৃবৃন্দ, এবং আরো অনেকের মতামত গ্রহণ করেছি। আমরা আপনাদের দেখছি, শুনছি, এবং বিশ্বাস করি যে আমরা যে চূড়ান্ত নীতি ইস্যু করছি তাতে এই অভাবনীয় সময়ে শিক্ষার্থীদের প্রতি নমনীয়তা এবং ধৈর্য প্রদর্শন করা হয়েছে, এর পাশাপাশি শিক্ষার্থীরা যে মানসিক চাপ বোধ করতে পারে সেজন্যে কোন দণ্ড প্রদান না করে তাদের সম্পৃক্ত রাখা হচ্ছে। এটা সুস্পষ্ট প্রত্যাশা বজায় রাখে যা প্রতিটি শিক্ষার্থীর ব্যক্তিগত অভিজ্ঞতা গ্রহণ করে, এবং সকল স্কুলজুড়ে একটি সামঞ্জস্যপূর্ণ, সমতাপূর্ণ প্রক্রিয়া বা সিস্টেম তৈরি করে। এই নীতি পরিবার এবং শিক্ষার্থীদের চাপ হ্রাস করার প্রয়াসের পাশাপাশি প্রতিটি শিক্ষার্থী ব্যক্তিগতভাবে মান অর্জনের অগ্রগতি সম্পর্কে পরবর্তী বছরের শিক্ষককে তথ্য প্রদান করে।

## আপনার কী জানা প্রয়োজন

নিচে যে গ্রেড প্রদানের নীতি উল্লিখিত হয়েছে তা শুধুমাত্র 2019-20 শিক্ষা বছরের জন্যে কার্যকর হবে। শিক্ষকগণ শিক্ষার্থীদের চূড়ান্ত গ্রেড প্রদানে আমরা রিমোট লার্নিং শুরু করার আগে এবং পরে তাদের অগ্রগতির একটি সামগ্রিক পর্যালোচনা করবেন। শিক্ষার্থীর গ্রেডে উপস্থিতি প্রযোজ্য হবে না। কোন শিক্ষার্থী চূড়ান্ত গ্রেডে ফেল করবে না।

**Department of Education**
Chancellor Richard A. Carranza

| গ্রেড(সমূহ) | গ্রেড প্রদানের নীতির সংক্ষিপ্তসার |
|---|---|
| 3K এবং প্রি-K | কোন পরিবর্তন নেই – 3K এবং প্রি-K-এর শিক্ষার্থীরা রিপোর্ট কার্ড অথবা গ্রেড পায়না। |
| K - পঞ্চম (5) | শিক্ষার্থীরা চূড়ান্ত গ্রেড হিসেবে হয় "মান অর্জিত হয়েছে" (মিটস্ স্ট্যান্ডার্ডস্, MT) নাহয় "উন্নতি প্রয়োজন" (নিডস্ ইমপ্রুভমেন্ট, N) পাবে। |
| ষষ্ঠ (6) - অষ্টম (8) | শিক্ষার্থীরা চূড়ান্ত গ্রেড হিসেবে "মান অর্জিত হয়েছে" (মিটস্ স্ট্যান্ডার্ডস্, MT), "উন্নতি প্রয়োজন" (নিডস্ ইমপ্রুভমেন্ট, N), অথবা কোর্স সম্পন্ন করতে যদি অতিরিক্ত সময় প্রয়োজন হয় তাহলে "কোর্স অব্যাহত রয়েছে" (কোর্স ইন প্রগ্রেস, NX) পাবে। |
| নবম (9) - দ্বাদশ (12) | আপনার স্কুলের বিদ্যমান গ্রেড প্রদানের মান প্রয়োগ করা হবে, কিন্তু কোন ফেল করার গ্রেড প্রদান করা হবে না। এর পরিবর্তে একটি "কোর্স অব্যাহত রয়েছে" (কোর্স ইন প্রগ্রেস, NX) গ্রেড প্রদান করা হবে, এবং কোর্সের বাধ্যতামূলক বিষয়গুলো সম্পন্ন করতে শিক্ষার্থীদের অতিরিক্ত সময় প্রদান করা হবে। চূড়ান্ত গ্রেড প্রদানের পর, শিক্ষার্থী এবং পরিবারদের 2020-এর বসন্ত বা স্প্রিং সেমিস্টারের যেকোন অথবা সকল পাসকৃত গ্রেডগুলোকে 'CR'-এ পরিবর্তন করার অপশন থাকবে, যেটা ইঙ্গিত করবে যে কোর্স পাশ করা হয়েছে এবং ক্রেডিট অর্জিত হয়েছে, কিন্তু শিক্ষার্থীর GPA-তে কোন মান থাকবে না। |

আসন্ন গ্রীষ্মকালীন মাসগুলোতে প্রোগ্রামিং এবং সহায়তার জন্যে DOE অব্যাহতভাবে পরিকল্পনা করে যাবে। গ্রীষ্মকালীন স্কুল সম্পর্কে আরো তথ্য আপনা স্কুলে সহজলভ্য এবং শেয়ার করা হবে আসন্ন সপ্তাহগুলোতে।

## আপনার যদি কোন প্রশ্ন থাকে

এলিমেন্টারি এবং মিডল্ স্কুলের জন্যে, পরিবারদের গ্রেড প্রদানের নীতি সংক্রান্ত প্রশ্নাবলীর উত্তর দিতে সাধারণত প্রিন্সিপ্যাল হচ্ছেন প্রাথমিক যোগাযোগের ব্যক্তি।

হাই স্কুলের জন্যে, পরিবারদের গ্রেড প্রদানের নীতি সংক্রান্ত প্রশ্নাবলীর উত্তর দিতে সাধারণত প্রিন্সিপ্যালের পাশাপাশি স্কুল কাউন্সেলর এবং কলেজ কাউন্সেলরগণ হচ্ছেন প্রাথমিক যোগাযোগের ব্যক্তি। আপনার যদি স্কুল কাউন্সেলর অথবা কলেজ কাউন্সেলর শনাক্ত করতে সাহায্য প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করুন (প্রিন্সিপ্যালের যোগাযোগের তথ্য পাওয়া যাবে আপনার স্কুলের ওয়েবসাইটে *https://www.nycenet.edu/schoolsearch* -ঠিকানায়)।

অতিরিক্ত তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলীর ডক্যুমেন্টটি দেখুন *https://www.schools.nyc.gov/learn-at-home/information-on-remote-learning* -ঠিকানায়। শিক্ষার্থীদের জুন এবং এর পরবর্তী সময়ে শিক্ষা অব্যাহত রাখার পাশাপাশি, আপনার সন্তানের শিক্ষায় প্রধান অংশীদার হিসেবে আপনাকে সহায়তা করতেও আমরা অঙ্গীকারবদ্ধ। আমরা জানি এই উত্তরণে আপনার অনেক প্রশ্ন এবং চ্যালেঞ্জ রয়েছে; আপনার সন্তানের অব্যাহত শিক্ষায় এবং শিক্ষকের অপরিহার্য অংশীদার হিসেবে আপনাকে গুরুত্বপূর্ণ, অমূল্য নতুন ভূমিকা পালন করতে হচ্ছে। বহু রিসোর্স *schools.nyc.gov* -সাইটে পাওয়া যাবে এবং আপনার সন্তানের স্কুলও আপনাকে সহায়তা করতে প্রস্তুত আছে।

আমরা সবসময়ই বলছি যে নিউ ইয়র্ক সিটির বিশ্বের সবচেয়ে সেরা শিক্ষার্থী, স্টাফ, এবং পরিবার রয়েছে, এবং কোন কিছুই তা পরিবর্তন করতে পারবে না। আপনারা এটার সত্যতা প্রতিদিন প্রমাণ করছেন। আপনাকে ধন্যবাদ।

বিনীত,

রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza
চ্যান্সেলর
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন

লিন্ডা চেন (Linda Chen)
চিফ অ্যাকাডেমিক অফিসার
নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন